



বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ

www.bb.org.bd

সুপারভাইজরি ডেটা ম্যানেজমেন্ট এন্ড
এনালিটিক্স ডিপার্টমেন্ট (এসডিএডি)

১১ আষাঢ় ১৪৩৩

তারিখ: -----

২৫ জুন ২০২৬

এসডিএডি সার্কুলার লেটার নং-০৮

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা

বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

চলমান আমের মৌসুমে ব্যাংকের সংশ্লিষ্ট শাখাসমূহ সাপ্তাহিক ছুটির দিন (শনিবার) সীমিত পরিসরে খোলা রাখা প্রসঙ্গে

প্রিয় মহোদয়,

- ১। চলমান আমের মৌসুমে বৃহত্তর রাজশাহী অঞ্চলের চাঁপাইনবাবগঞ্জ (শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ সদর, গোমস্তাপুর ও ভোলাহাট উপজেলা), নওগাঁ (সাপাহার, পোরশা ও নিয়ামতপুর উপজেলা), রাজশাহী ও নাটোর জেলার বিভিন্ন উপজেলায় গড়ে ওঠা স্থায়ী/অস্থায়ী আমের বাজার সংলগ্ন তফসিলি ব্যাংকের শাখাসমূহে নগদ অর্থের পর্যাপ্ত সরবরাহ/জমা নিশ্চিতকরণ এবং ব্যবসায়ীদের নগদ অর্থ সংরক্ষণজনিত ঝুঁকি নিরসনের লক্ষ্যে আগামী ৩১ জুলাই ২০২৬ তারিখ পর্যন্ত সাপ্তাহিক ছুটির দিন প্রতি শনিবার পর্যাপ্ত নিরাপত্তা নিশ্চিতপূর্বক আপনাদের স্বীয় বিবেচনায় সীমিত পরিসরে ব্যাংকের শাখা/উপশাখা খোলা রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ প্রদান করা হলো।
- ২। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১-এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে জনস্বার্থে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আবদুল মান্নান)

পরিচালক (এসডিএডি)

ফোনঃ ৯৫৩০০৯৩